189336 - মৃত্যুজনিত ইদ্দতের হিসাব করতে হবে হিজরী তারিখে

প্রশ্ন

আমি জানতে চাচ্ছি আমার মায়ের ইদ্দত পালন কখন সমাপ্ত হবে। আমার বাবা (আল্লাহ্‌তাঁর প্রতি রহম করুন; আশা করব তাঁর জন্য রহমত ও ক্ষমাপ্রাপ্তির দোয়া করবেন) ৬/৪/২০১২ তারিখ রোজ শুক্রবারে মারা গেছেন।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

আমরা আল্লাহ্‌র কাছে দোয়া করছি তিনি যেন, আপনার পিতার প্রতি দয়া করেন এবং তাকে ক্ষমা করে দেন এবং মুসলিম উম্মাহর সকল মৃতব্যক্তিদের প্রতি দয়া করেন।

দুই:

যে নারীর স্বামী মারা গেছে যদি তিনি গর্ভবতী হন তাহলে সন্তান প্রসব করার মাধ্যমে তার ইদ্দত পালন সমাপ্ত হয়। এর দলিল হচ্ছে আল্লাহ্‌র বাণী: "আর গর্ভবতী নারীদের ইদ্দতকাল সন্তান প্রসব পর্যন্ত" ।[সূরা ত্বালাক, আয়াত: ৪]

আর যদি গর্ভবতী না হয় তাহলে তার ইদ্দত হচ্ছে চারমাস দশদিন। এর দলিল হচ্ছে আল্লাহ্‌র বাণী: "আর তোমাদের মধ্যে যারা স্ত্রী রেখে মারা যায়, তারা (স্ত্রীগণ) নিজেরা চার মাস দশ দিন অপেক্ষায় থাকবে" ।[সূরা বাক্বারা, আয়াত: ২৩৪]

তিন:

যে নারীর স্বামী মারা গেছে তিনি চন্দ্র মাস অনুযায়ী ইদ্দত পালন করবেন; সৌর মাস অনুযায়ী নয়। কেননা শরিয়তের বিধি-বিধান চন্দ্র মাসের সাথে সম্পৃক্ত।

যদি স্বামীর মৃত্যু মাসের শুরুতে হয় তাহলে মাস গণনা শুরু হবে নতুন চাঁদের ভিত্তিতে। যদি কোন মাসের দিন সংখ্যা পূর্ণ ত্রিশদিন হয়; আর কোন মাসের দিন সংখ্যা ২৯ দিন হয় সেক্ষেত্রে প্রত্যেকটিকে এক মাস গণনা করা সঠিক। কম দিনবিশিষ্ট মাসের অবশিষ্ট দিনগুলোর কাযা করা নারীর উপর আবশ্যক নয়।

"আল-মাওসুআ আল-ফিকহিয়্যা" গ্রন্থে (২৯/৩১৫-৩১৬) এসেছে: "নিশ্চয় তালাক, খুলা কিংবা মৃত্যুজনিত ইদ্দত পালনের ক্ষেত্রে চন্দ্রমাস অনুযায়ীই হিসাব হবে; সৌর মাস অনুযায়ী নয়। যদি তালাক কিংবা মৃত্যু মাসের প্রথম দিন হয় তাহলে নতুন চাঁদ অনুযায়ী হিসাব হবে। যেহেতু আল্লাহ্‌তাআলা বলছেন: "লোকেরা আপনাকে নতুন চাঁদ সম্পর্কে প্রশ্ন করে। বলুন, এটা মানুষের জন্য ও হজ্জের জন্য সময়-নির্দেশক।"[সূরা বাক্বারা, আয়াত: ১৮৯] এমনকি মাসের দিন সংখ্যা যদি কম হয় তবুও। কেননা আল্লাহ্‌আমাদেরকে মাস অনুযায়ী ইদ্দত পালনের নির্দেশ দিয়েছেন। আল্লাহ্‌তাআলা বলেন: "তাদের ইদ্দত হচ্ছে তিন মাস"। তিনি আরও বলেন: "চার মাস দশ দিন"। তাই মাসকে ধর্তব্য ধরা আবশ্যক; চাই দিন সংখ্যা ত্রিশ হোক কিংবা এর চেয়ে কম হোক।[সমাপ্ত]

পক্ষান্তরে, যদি মৃত্যু মাসের মাঝখানে হয়; যেমনটি এ প্রশ্নে উল্লেখ করা হয়েছে; সেক্ষেত্রে স্ত্রী প্রথম মাসের বাকী দিনগুলো ইদ্দত পালন করবেন এবং চন্দ্রের হিসাব অনুযায়ী আরও তিনমাস (দিনের সংখ্যা ত্রিশ হোক কিংবা কম হোক) দশদিন ইদ্দত পালন করবেন। আর প্রথম মাসের যে দিনগুলো ছুটে গেছে আলেমদের নিকট সে দিনগুলো হিসাব করার দুটো পদ্ধতি রয়েছে:

১। ঐ মাসকে হিসাবে ত্রিশদিন ধরা; বাস্তবিকপক্ষে মাস ত্রিশ দিনবিশিষ্ট হোক কিংবা ঊনত্রিশ দিনবিশিষ্ট হোক। সুতরাং স্বামীহারা নারী যদি ২০ দিন ইদ্দত পালন করে থাকেন তাহলে পঞ্চম মাসে তিনি বাকী দশদিন পূরণ করবেন।

২। প্রথম মাসের যে কয়দিন ছুটে গেছে পঞ্চম মাসে তিনি কেবল সে কয়দিন পূরণ করবেন; চাই মাস ত্রিশদিনবিশিষ্ট হোক কিংবা ঊনত্রিশ দিনবিশিষ্ট হোক।

দেখুন: "আল-মুগনী" (৮/৮৫), "কাশ্‌শাফুল ক্বিনা (৫/৪১৮), "আল-মাওসুআ আল-ফিকহিয়্যা" (২৯/৩১৫)।

পূর্বোক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে যদি আপনার মায়ের ইদ্দত পালন ৬/4/২০১২ তারিখ থেকে শুরু হয় হিজরী সাল মোতাবেক সেটা হচ্ছে ১৪/৫/১৪৩৩ তারিখ। সেক্ষেত্রে উনার ইদ্দত পালন শেষ হবে ২৪/৯/১৪৩৩হিঃ তারিখে; অন্য সাল মোতাবেক ১২/৮/২০১২ তারিখে।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।